# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭০৯

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. প্রথম অনুচ্ছেদ - মসজিদ ও সালাতের স্থান

بَابُ الْمَسَاجِدِ وَمَوَاضِعِ الصَّلَاةِ

## আরবী

وَعَنْ أَبِي ذَرٍّ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «عُرِضَتْ عَلَيَّ أَعْمَالُ أُمَّتِي حَسَنُهَا وَسَيِّئُهَا فَوَجَدْتُ فِي محَاسِن أَعمالهَا الْأَذَى يماط عَن الطَّرِيق وَوَجَدْتُ فِي مَسَاوِئِ أَعْمَالِهَا النُّخَاعَةَ تَكُونُ فِي الْمَسْجِدِ لَا تدفن» . رَوَاهُ مُسلم

## বাংলা

৭০৯-[২১] আবূ যার গিফারী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমার উম্মাতের ভালোমন্দ সকল ’আমল আমার কাছে উপস্থিত করা হলো। তখন আমি তাদের ভালো কাজগুলোর মধ্যে দেখতে পেলাম-রাস্তা হতে কষ্টদায়ক জিনিস ফেলে দেয়া। আর মন্দ কাজগুলোর মধ্যে দেখতে পেলাম, কফ পুঁতে না ফেলে মসজিদে ফেলে রাখা। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৫৫৩, আহমাদ ২১৫৪৯, সহীহ ইবনু হিব্বান ১৬৪১।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: ইমাম ত্বীবী বলেনঃ হাদীসে দৃষ্টি আকর্ষণ করা হয়েছে যে, প্রত্যেক কাজ মুসলিমদের উপকারে আসে তা বাস্তবায়ন করা এবং প্রত্যেক ক্ষতি বহনকারী কাজ দূরীভূত করা উচিত। আর এমন কাজ সৎ ‘আমলের অন্তর্ভুক্ত।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55266

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন